

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যখন মন্দ ও যুলম আত্মপ্রকাশ করে, তখন জানা ব্যক্তির জন্য আবশ্যক হলো তা প্রতিহত করা যাতে এর কারণে তাদের উপর ব্যাপকভাবে শাস্তি নেমে না আসে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُنْكَرَ وَالظُّلْمَ إِذَا ظَهَرَا كَانَ عَلَى مَنْ عَلِمَ تَغْيِيرُهُمَا حَذَرَ عُمُومِ الْعُقُوبَةِ إِيَّاهُمْ بِهِمَا

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا جَرِيرٌ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ قَالَ: قَرَأً أَبُو بَكْرٍ الصِّدِيقُ هَذِهِ الْآيَةَ: {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا عَلَيْكُمْ أَنْفُسَكُمْ لَا يَضُرُّكُم مَنْ ضَلَّ قَرَأً أَبُو بَكْرٍ الصِّدِيقُ هَذِهِ الْآيَةَ: {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا عَلَيْكُمْ أَنْفُسَكُمْ لَا يَضُرُّكُم مَنْ ضَلَّ إِذَا اهْتَدَيْتُمْ} [المائدة: 105] قالَ: إِنَّ النَّاسَ يَضَعُونَ هَذِهِ الْآيَةَ عَلَى غَيْرِ مَوْضِعِهَا أَلَا وَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: إِنَّ النَّاسَ إِذَا رَأُوا الظَّالِمَ فَلَمْ وَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: إِنَّ النَّاسَ إِذَا رَأُوا الظَّالِمَ فَلَمْ يَأْخُذُوا عَلَى يَدَيْهِ \_ أَوْ قَالَ: الْمُنْكَرَ فَلَمْ يُغَيِّرُوهُ \_ عَمَّهُمُ الله بعقابه.

يَأْخُذُوا عَلَى يَدَيْهِ \_ أَوْ قَالَ: الْمُنْكَرَ فَلَمْ يُغَيِّرُوهُ \_ عَمَّهُمُ الله بعقابه.

الراوي: قَيْس بْن أَبِي حَازِمٍ عَنْ أَبِي بَكْرٍ ا المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1304 خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৩০৪. কাইস বিন আবু হাযিম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু নিচের আয়াতটি তেলাওয়াত করেন:

"হে ঈমানদারগণ, তোমাদের উপর আবশ্যক হলো নিজেদের ব্যাপারে মনযোগ দেওয়া, যদি তোমরা সুপথপ্রাপ্ত হও, তবে যারা বিভ্রান্ত হয়েছে, তারা তোমাদের কোন ক্ষতি করতে পারবে না।" (সূরা আল মায়িদা: ১০৫।) তিনি বলেন: "লোকজন এই আয়াতটি ভিন্নখাতে ব্যবহার করছে। জেনে রেখো, নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "মানুষ যখন যালিম ব্যক্তিকে দেখে তার হাত ধরে না ফেলে (যুলম করা থেকে বিরত রাখে) অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যখন মানুষ মন্দ কাজ দেখে তা প্রতিহত না করে, তবে আল্লাহ তাদেরকে ব্যাপকভাবে শাস্তি দিবেন।"[1]

## ফুটনোট

[1] হুমাইদী: ৩; আবু দাউদ: ৪৩৩৮; তিরমিযী: ২১৬৮; ইবনু মাজাহ: ৪০০৫; সুনান বাইহাকী: ১০/৯১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ৪০০৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ক্বায়স ইবন আবু হাযিম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন